# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
www.lged.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.৪৬০০.০০০.৯৯.০৪৭.২০-৫৮ তারিখ ঃ ২০/০১/২০২২ খ্রিঃ।

বিষয় ঃ খাগড়াছড়ি পার্বত্য জেলায় "টেকসই ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের" আওতায় জেলা পর্যায়ে ত্রৈমাসিক সভার কার্য বিবরণী ও বিল ভাউচার প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: নথি নং-৪৬.০২.০০০০.৮৯০.০২.০১৩.২০.৯২৮ তারিখ ঃ ২৫/০৩/২০২১ খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাইতেছে যে, খাগড়াছড়ি পার্বত্য জেলায় "টেকসই ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের" আওতায় জেলা পর্যায়ে ত্রৈমাসিক সভা গত ২০/০১/২০২২ইং তারিখে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, খাগড়াছড়ির সভা কক্ষ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্য বিবরণী, বিল ভাউচার ও সভায় উপস্থিতী কর্মকর্তা/কর্মচারী/ব্যাক্তিবর্গের উপস্থিতি স্বাক্ষর সীট সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ১। সভার কার্য বিবরণী -১(এক সেট)।
২। উপস্থিতি স্বাক্ষর-১(এক সেট)।
৩। মিটিংএর ছবি-১ (এক সেট)।

২০/১/২২
(মোঃ শাহজাহান)
নির্বাহী প্রকৌশলী
ফোনঃ ০৩৭১-৬১৮৮২
ই-মেইলঃ xen.khagrachari@lged.gov.bd

অনুলিপি:
১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (পিএন্ডডি/ওএন্ডএম) সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা ইউনিট, এলজিইডি, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাঙ্গামাটি অঞ্চল, এলজিইডি, জেলাঃ রাঙ্গামাটি।
৩। প্রকল্প পরিচালক, টেকসই ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প, আরডিইসি ভবন, (লেভেল-০৫), এলজিইডি সদর দপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৪। জেলা সমবায় কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৫। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, পানছড়ি,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬। সহকারী প্রকৌশলী/সোসিওলোজিষ্ট, টেকসই ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭। সভাপতি/ সাধারণ সম্পাদক, চেঙ্গী নদী রাবার ড্যাম পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি, পানছড়ি,খাগড়াছড়ি পার্বত্য জেলা।

সভার শুরুতে সভাপতির নির্দেশক্রমে জনাব তাপস চাকমা, সোসিওলোজিস্ট, টেকসই ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (SSSWRDP), বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। জনাব আশীষ কুমার দাশ, জেলা সমবায় কর্মকর্তা, খাগড়াছড়ি জানান যে, উক্ত কার্যবিবরণী এর ১নং অনুচ্ছেদের শেষ অংশে বর্ণিত অডিট পরবর্তী এক সপ্তাহের মধ্যে সমিতির সাধারণ সভা আয়োজন করার মর্মে লিখিত বক্তব্য সংশোধনের অনুরোধ জানান। তিনি উপরিউক্ত সভা ৬০দিনের মধ্যে আয়োজন করার নিয়ম আছে বলে জানান।

১। সভাপতি মহোদয় বলেন, রাবার ড্যামের আওতাধীন এলাকায় মাছ চাষ করে সমিতির আয়ের সম্ভাবনা রয়েছে। মাছ চাষ বিষয়ক যথাযথ উদ্যোগ নেওয়ার জন্য তিনি সহ-সভাপতি, পাবসসকে অনুরোধ জানান। তিনি আরো বলেন, সেচ কর উত্তোলনের জন্য কার্যকরী কমিটিকে আরো সচেষ্ট হতে হবে এবং উপকারভোগীদেরও সেচ কর প্রদানে উদ্বুদ্ধ করতে হবে।

২। জনাবা অপরাজীতা খীসা, সহ-সভাপতি, পাবসস বলেন, বকেয়া সেচ কর উত্তোলনের প্রক্রিয়া বর্তমানে চলমান রয়েছে। ৩০,০০০/- টাকা ঋণ প্রদানের মাধ্যমে সমিতির মহিলা সদস্যদের মধ্যে ক্ষুদ্র ঋণ কার্যক্রম চালু হয়েছে। তিনি নির্বাহী প্রকৌশলী ও উপজেলা প্রকৌশলী মহোদয় বরাবর অনুরোধ জানান, পাবসস সমিতির অফিস ঘর এলাকার খালি জায়গায় দোকান প্লট বানানো গেলে তা সমিতির অন্তর্ভুক্ত নারী সদস্যদের আয় উপার্জনে ভূমিকা রাখবে।

৩। জনাব অরুন কুমার দাশ, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পানছড়ি, খাগড়াছড়ি বলেন, রাবার ড্যামের আওতাধীন উপকারভোগী এলাকায় এলজিইডি কর্তৃক নির্মিত রাস্তার উভয় পার্শ্বে ৬ফুট পরিমাণ জায়গা সরকারীভাবে অধিগ্রহণ করা হয়েছে। উক্ত জায়গায় বিভিন্ন ফলজ গাছ ও বনজ গাছ লাগিয়ে সমিতি ভবিষ্যত নিজস্ব আয় উপার্জনের ক্ষেত্র তৈরি করতে পারে। মাছ চাষ বিষয়ে তিনি বলেন, আষাঢ় মাস পর্যন্ত রাবার ড্যাম ফুলিয়ে রেখে মাছ চাষে প্রচুর আয় করা যেতে পারে। তিনি আরো বলেন, যারা সেচ কর দিতে অনিচ্ছুক তাদের কাছ থেকে ধানও কর হিসেবে নেয়া যেতে পারে।

৪। জনাব মোঃ বেলাল হাসান, সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, খাগড়াছড়ি বলেন, সমিতির সদস্যরা মাছ চাষে সম্মত হলে মৎস্য অধিদপ্তর হতে বিনামূল্যে পোনা সরবরাহে সহযোগীতা করা যেতে পারে। কৃষি অধিদপ্তরের নিকট সেচ মোটরের আবেদন দেওয়ার জন্য তিনি সহ-সভাপতিকে পারমর্শ প্রদান করেন। সমিতির নামে নিবন্ধিত উক্ত মোটর সমিতির আয় উপার্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। রাবার ব্যাগ ৩-৩.৫ মিটারের বেশি ফুলানো যাবে না এবং চেঙ্গী নদী পাড় ভাঙ্গন রোধে লাগানো বিন্না ঘাস পরিচর্যার দায়িত্ব সমিতির উপকারভোগী সকল সদস্যদের বলে তিনি জানান।

৫। জনাব আশীষ কুমার দাশ, জেলা সমবায় কর্মকর্তা, খাগড়াছড়ি বলেন, প্রদানকৃত ক্ষুদ্র ঋণ কিস্তি হিসেবে নিতে হবে এবং ঋণ নেওয়ার পরবর্তী ২ মাস হতে ঋণের কিস্তি কার্যকর হবে। ১৮ জন মোটর মালিক এবং উক্ত মোটরের অধীনে উপকারভোগী মূল জমির মালিকদের/বর্গাচাষী কৃষকদের সমিতির সদস্য করতে হবে।

৬। জনাব পরিমল চাকমা, সাধারণ সম্পাদক, চেঙ্গী নদী রাবার ড্যাম পাবসস, পানছড়ি, খাগড়াছড়ি বলেন, বিগত বছর চেঙ্গী নদী পাড় ভাঙ্গন রোধে সিসি ব্লক বসানোর কারণে ড্যামের পানি আগে ছেড়ে দেওয়ায় অনেক কৃষক পানি পায়নি। তাছাড়া, বিগত বছর রাবার ব্যাগ কম ফুলানোর কারণে তালতলা এলাকায় পানি পাওয়া যায়নি তাই অনেকে সেচ কর দিতে অনীহা প্রকাশ করছে। তবে বর্তমান বছরে উক্ত সমস্যার সমাধান করা হয়েছে বলে তিনি জানান।

অদ্যকার সভায় উপস্থিত সকল সদস্যের মতামত ও সম্মতির ভিত্তিতে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১। সভাপতি মহোদয় চেঙ্গী নদী রাবার ড্যাম পাবসস এর নামে নারী কমিউনিটি সেন্টার খোলার জন্য ADB হতে দুই লক্ষ টাকা বরাদ্দ নেওয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে মৌখিক নির্দেশ প্রদান করেন।

২। ১৮ জন মোটর মালিকের নাম ও জমির তালিকা এবং সেচ কর খেলাপী মোটর মালিকদের তালিকা আগামী মিটিংয়ে উপস্থাপন করতে হবে যাতে সেচ কর দিতে অনিচ্ছুক ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যায়।

৩। আগামী ত্রৈমাসিক মিটিংের আগে উপকারভোগী সকল জমির মালিকদেরকে সমিতির সদস্য করতে হবে এবং সদস্যের তালিকা উক্ত মিটিংএ উপস্থাপন করতে হবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ শাহজাহান)

নির্বাহী প্রকৌশলী

ফোন নং-০৩৭১-৬১৮৮২

ই-মেইলঃ xen.khagarchari@lged.gov.bd